



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

শিরোমণি শিল্প এলাকা

খুলনা-৯২০৪



(কারিগরি সহায়তায় বিটাকের উচ্চ মানসম্পন্ন সেবা নিবন)

বাংলাদেশে প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ জনবলের অভাব এবং ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে এর অর্থায়নে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills Development Coordination and Monitoring Unit (SDCMU) সহযোগিতায় Skills for Employment Investment Program (SEIP) এর আওতায় শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর ৩টি কেন্দ্রে (বিটাক, ঢাকা; বিটাক, খুলনা ও বিটাক, বগুড়া) মেশিনসপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে কর্মসংস্থান উপযোগী প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহীদেরকে বিটাক এর নির্ধারিত ফরমে আবেদন করার অনুরোধ করা যাচ্ছে। সফলভাবে প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষার্থীগণকে শিল্প কারখানাসমূহে কর্মসংস্থানের সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

১	প্রশিক্ষণ মেয়াদ	: প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ৩ মাস (০১/০২/১৬ হতে ৩০/০৪/১৬ তারিখ পর্যন্ত) এবং শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ ১ মাস (০১/০৫/১৬ হতে ৩০/০৫/১৬ তারিখ পর্যন্ত)।
২	ক্লাসের সময়	: প্রতিদিন সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০ পর্যন্ত।
৩	আসন সংখ্যা	: প্রতি ট্রেডে ৩০ জন।
৪	শিক্ষাগত যোগ্যতা	: ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি পাস।
৫	কোর্স ফি	: প্রশিক্ষণের যাবতীয় খরচ SEIP কর্তৃক বহন করা হবে।
৬	বৃত্তি	: ফাল্ড প্রাপ্তি সাপেক্ষে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষার্থীগণকে প্রতি মাসে ১,০০০/- টাকা করে এবং বাস্তব প্রশিক্ষণ মাসে ১,৫০০/- টাকাসহ এককালীন বৃত্তি প্রদান করা হবে। প্রত্যেক প্রশিক্ষার্থীর ব্যাংক একাউন্ট খুলতে হবে। একই প্রশিক্ষার্থী একাধিক ট্রেডে ভর্তি হতে পারবে না। ইতিপূর্বে যারা SEIP Program এ কোন প্রতিষ্ঠানে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৭	ভর্তি ফরমের সহিত আবেদনকারী কর্তৃক সরবরাহকৃত ডকুমেন্টস	: ক) সদ্য তোলা ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি। খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র। গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম সনদের সত্যায়িত কপি। ঘ) শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত কপি।
৮	ভর্তি পরীক্ষা	: ইং ২৮/০১/২০১৬ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে লিখিত/মৌখিক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৯	ক্লাস শুরু তারিখ	: ০১ ফেব্রুয়ারি ২০১৬ইং।
১০	ভর্তি ফরম সংগ্রহ এবং প্রশিক্ষণ প্রদানের স্থান	: ক) বিটাক, ঢাকা; তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮, ফোন: ০২-৮৮৭০৫৬২। খ) বিটাক, খুলনা; প্লট নং-আর ১-৪, কেডিএ শি/এ, শিরোমণি, খুলনা-৯২০৪, ফোন: ০৪১-৭৮৬০৫০, ০৪১-৭৮৫৭৪৬ মোবাইল: ০১৭১৬২৯৪১৬৩। গ) বিটাক, বগুড়া; নিশিন্দারা, কারবালা, বগুড়া-৫৮০০, মোবাইল নং-০১৭২৮৬২১৪৩৮।
১১	প্রশিক্ষণ সমাপ্তিকরণ এর নিশ্চয়তা প্রদান	: প্রশিক্ষণ সমাপ্তিকরণের নিশ্চয়তা প্রদানের জন্য ২,০০০/- টাকা (ফেরতযোগ্য) অথবা সর্বশেষ পরীক্ষার অরজিনাল সার্টিফিকেট জমা দিতে হবে। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট ফেরত প্রদান করা হবে। জেএসসি সার্টিফিকেট এর ক্ষেত্রে ২,০০০/- টাকা জমা দিতে হবে (ফেরতযোগ্য)।

(বি.ত্র: সীমিত আসন সংখ্যার কারণে প্রশিক্ষার্থীদের আগে আসলে আগে পাবেন) ভিত্তিতে রেজিস্ট্রেশন করা হবে।) আগ্রহী ব্যক্তিবর্গকে ভর্তি ফরম সংগ্রহের জন্যে ভর্তিচ্ছুক কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় এবং ওয়েব সাইট: www.bitac.gov.bd-এ যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

(পবিত্র কুমার কবিবাজ)
অতিরিক্ত পরিচালক
বিটাক, খুলনা।

স-১৩/১৬ (৮'x৩)

দৈনিক পুথন ১৭/০১/১৬